DPD- (M) (S) (N) (SA) (P)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষিখামার সড়ক, ফার্মগেইট, ঢাকা-১২১৫।
www.dls.gov.bd

নং- ৩৩.০১.০০০০.৭০০.১৪.০১৫(৩).১৮/৬২৪ তারিখঃ ১৭/০৫/২০২১ খ্রিঃ।

বিষয়ঃ প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পের আওতায় **"বিশ্ব দুগ্ধ দিবস ও দুগ্ধ সপ্তাহ-২০২১"** উদযাপনের জন্য কমিটি অনুমোদন।

সূত্রঃ প্রকল্প পরিচালকে ১১/০৫/২০২১ তারিখের ৩৩.০১.০০০০.৮২৮.০৭.০০১.২০/৫৩৩ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পের অনুমোদিত ডিপিপিতে সারাদেশের ৬১টি জেলা সদরে প্রতি বছর জুন মাসের ১ তারিখে "বিশ্ব দুগ্ধ দিবস ও দুগ্ধ সপ্তাহ" উদযাপনের সংস্থান রয়েছে। সে মোতাবেক আগামি ০১/০৬/২০২১ তারিখে "বিশ্ব দুগ্ধ দিবস ও দুগ্ধ সপ্তাহ-২০২১" উদযাপনের জন্য প্রস্তুতি গ্রহণ করা হচ্ছে। এমতাবস্থায় উক্ত অনুষ্ঠান সুষ্ঠুভাবে ব্যবস্থাপনার লক্ষ্যে সূত্রে বর্ণিত পত্রের প্রস্তাব অনুযায়ী স্থানীয় পর্যায়ের কর্মকর্তাদের সমন্বয়ে নিম্নবর্ণিত কমিটি অনুমোদন করা হলো।

অনুমোদিত কমিটি ঃ

| | | |
|---|---|---|
| ১ | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সংশ্লিষ্ট জেলা | সভাপতি |
| ২ | জেলা প্রশাসকের প্রতিনিধি, সংশ্লিষ্ট জেলা | সদস্য |
| ৩ | পুলিশ সুপারের প্রতিনিধি, সংশ্লিষ্ট জেলা | সদস্য |
| ৪ | ট্রেনিং অফিসার,কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সংশ্লিষ্ট জেলা | সদস্য |
| ৫ | জেলা মৎস্য কর্মকর্তা, সংশ্লিষ্ট জেলা | সদস্য |
| ৬ | জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, সংশ্লিষ্ট জেলা | সদস্য |
| ৭ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,সদর উপজেলা/অতিরিক্ত জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সংশ্লিষ্ট জেলা | সদস্য সচিব |

কমিটি'র কর্মপরিধিঃ

১) গাইলাইন অনুযায়ী বিশ্ব দুগ্ধ দিবস ও দুগ্ধ সপ্তাহ পালনের জন্য পরিকল্পন গ্রহণ ও বাস্তবায়ন।
২) স্থানীয় ডেইরী এসোসিয়েশন ও অন্যান্য স্টেকহোল্ডারদের সাথে বাস্তবায়ন সমন্বয়।
৩) দুধ পান করানোর জন্য স্কুল/প্রতিষ্ঠান নির্বাচন।
৪। বিশ্ব দুগ্ধ দিবস ও দুগ্ধ সপ্তাহ-২০২১ পালন উপলক্ষ্যে প্রয়োজনীয় অন্যান্য পদক্ষেপ গ্রহণ।

১৭/০৫/২১

(ডাঃ শেখ আজিজুর রহমান)
মহাপরিচালক (সাময়িক দায়িত্ব)
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

প্রাপকঃ
প্রকল্প পরিচালক
প্রাণিসম্পদ এবং ডেইরী উন্নয়ন প্রকল্প।
অনুমোদিত কমিটি'র সদস্যদের কপি বিতরণের অনুরোধসহ।

অনুলিপিঃ
১। জেলা প্রশাসক, ----------------------। একজন প্রতিনিধি মনোনয়ন প্রদানের অনুরোধসহ।
২। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ----------------------।
৩। পুলিশ সুপার, ----------------------। একজন প্রতিনিধি মনোনয়ন প্রদানের অনুরোধসহ।
৪। ট্রেনিং অফিসার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ----------------------।
৫। জেলা মৎস্য কর্মকর্তা, ------------------------।
৬। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, ------------------।
৭। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,সদর উপজেলা/অতিরিক্ত জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, -----------------।

D:\700.14.015 (LDDP- project) -.docx

DPD- (M) (S) (N) (SA) (P)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষিখামার সড়ক, ফার্মগেইট, ঢাকা-১২১৫।
www.dls.gov.bd

নং- ৩৩.০১.০০০০.৭০০.১৪.০১৫(৫).১৮/ ৬২৫ তারিখঃ ১৭/০৫/২০২১ খ্রিঃ।

**বিষয়ঃ প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পের আওতায় "বিশ্ব দুগ্ধ দিবস ও দুগ্ধ সপ্তাহ-২০২১" উদযাপনের লক্ষ্যে গাইড লাইন অনুমোদন।**

সূত্র ঃ প্রকল্প পরিচালকের ০৬/০৫/২০২১ খ্রিঃ তারিখের ৩৩.০১.০০০০.৮২৮.০৭.০০১.২০.৫১২ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয়ে সূত্রে বর্ণিত পত্রের প্রস্তাব মোতাবেক প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পের আওতায় সারাদেশের ৬১ জেলা সদরে আগামী ১লা জুন "বিশ্ব দুগ্ধ দিবস ও দুগ্ধ সপ্তাহ-২০২১" উদযাপনের লক্ষ্যে প্রস্তুতি গ্রহণ করা হচ্ছে। উক্ত অনুষ্ঠান সুষ্ঠুভাবে ব্যবস্থাপনার লক্ষ্যে গাইড লাইন অনুমোদন করা হলো।

সংযুক্তিঃ প্রকল্প পরিচালকের প্রস্তাবিত গাইড লাইন-৫পাতা।

(ডাঃ শেখ আজিজুর রহমান)
মহাপরিচালক (সাময়িক দায়িত্ব)
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

প্রাপক,

প্রকল্প পরিচালক
প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প।

প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প
ডায়েরী নং- ২৫৫
তাং- ১৮/০৫/২১
প্রাণিসম্পদ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।

D:\700.14.015 (LDDP- project) -.docx

# বিশ্ব দুগ্ধ দিবস ও দুগ্ধ সপ্তাহ-২০২১ উদযাপন সংক্রান্ত গাইডলাইন

**ভূমিকা:** দুধ বা দুগ্ধজাত পণ্য সব বয়সী মানুষের জন্য স্বাস্থ্যকর খাদ্য হিসেবে স্বীকৃত। দুধে মানবদেহের জন্য প্রয়োজনীয় প্রচুর পরিমাণে শোষণযোগ্য ক্যালসিয়াম এবং আমিষ, শর্করা, ভিটামিন, খনিজ, চর্বিসহ অন্যান্য পুষ্টি উপাদান রয়েছে। দেশে বিদ্যমান জনসংখ্যার বিপরীতে দুধের চাহিদার তুলনায় উৎপাদন ঘাটতি রয়েছে। তাই দুধের উৎপাদন বৃদ্ধির মাধ্যমে চাহিদা পূরণ ও স্বয়ংসম্পূর্ণতা অর্জন, গ্রামীন জনগোষ্ঠীর কর্মসংস্থান সৃষ্টি এবং দৈনন্দিন খাদ্য তালিকায় দুধকে নিয়মিতকরণের লক্ষ্যে প্রাণিসম্পদ অধিদপ্তর নিরলসভাবে কাজ করে যাচ্ছে। যার ফলে দুধের উৎপাদন বৃদ্ধি পেয়ে ২০১৯-২০২০ অর্থবছরে মাথাপিছু উৎপাদন ১৭৫.৬৩ মি:লি: অর্জিত হয়েছে। আর্ন্তজাতিকভাবে স্বীকৃত মাথাপিছু দৈনন্দিন চাহিদা ২৫০ মি:লি: দুধ সরবরাহের লক্ষ্যকে সামনে রেখে প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক বিভিন্ন কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে তন্মধ্যে প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্প অন্যতম। বিগত ২০০১ইং সাল থেকে জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (FAO) এর পক্ষ হতে দৈনন্দিন খাদ্য তালিকায় দুধ ও দুগ্ধজাত পণ্যকে অন্তর্ভুক্ত করাকে উৎসাহিতকরণের লক্ষ্যে প্রতিবছর বিশ্বব্যাপী ১লা জুন বিশ্ব দুগ্ধ দিবস উদযাপন শুরু করা হয়। বাংলাদেশেও প্রতিবছর মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের তত্ত্বাবধায়নে প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক নানা আয়োজনে কেন্দ্রীয় এবং জেলা পর্যায়ে দিবসটি উদযাপন করা হয়। ২০২১ সালের ১লা জুন বিশ্ব দুগ্ধ দিবসটিকে স্মরণীয় করে রাখার লক্ষ্যে **"বিশ্ব দুগ্ধ দিবস ও দুগ্ধ সপ্তাহ-২০২১"** শিরোনামে কর্মসূচী বাস্তবায়নের পরিকল্পনা গ্রহণ করা প্রয়োজন।

**বিশ্ব দুগ্ধ দিবস ও দুগ্ধ সপ্তাহ-২০২১ উদযাপন-এর লক্ষ্য ও উদ্দেশ্য:**

দুধ ও দুগ্ধজাত পণ্য অন্যতম পুষ্টিকর খাদ্য হিসাবে বিবেচিত হওয়া সত্ত্বেও নিয়মিত দুধ পানে জনসাধারণের মধ্যে সচেতনতার অভাব রয়েছে। বিশ্ব দুগ্ধ দিবস উদযাপন ও দুগ্ধ সপ্তাহ-২০২১ আয়োজনের লক্ষ্য হচ্ছে দুধ ও দুগ্ধজাত পণ্যকে নিরাপদ পুষ্টির অন্যতম উৎস হিসাবে সকল মহলে জনপ্রিয় করা, উৎপাদন বৃদ্ধিতে উৎসাহ প্রদান এবং ডেইরি শিল্পায়নকে ত্বরান্বিতসহ সমৃদ্ধিশালীকরণ। প্রতিবছর ১লা জুন বিশ্ব দুগ্ধ দিবস উদযাপনের মাধ্যমে দুগ্ধ শিল্পকে গুরুত্ব দিয়ে বিশ্বব্যাপী যে প্রতিপাদ্য বিষয় প্রচার করা হয় তার সহিত সংহতি প্রকাশ করা এ দিবস ও সপ্তাহ উদযাপনের অন্যতম উদ্দেশ্য।

**ডিপিপি সংস্থান ঃ** প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন শীর্ষক প্রকল্পের আওতায় প্রতিবছর সারাদেশের ৬১টি জেলায় বিশ্ব দুগ্ধ দিবস উদযাপন ও দুগ্ধ সপ্তাহ আয়োজনের জন্য ডিপিপি'তে সংস্থান রয়েছে (পৃষ্ঠা নং-৬, ১৪২)।

**আয়োজনে ঃ** জেলা প্রাণিসম্পদ দপ্তর। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তাগণ নির্ধারিত তারিখে বিশ্ব দুগ্ধ দিবস ও দুগ্ধ সপ্তাহ উদযাপনের সার্বিক দায়িত্ব পালন করবেন।

**ক) বিশ্ব দুগ্ধ দিবস ও দুগ্ধ সপ্তাহ-২০২১ এর উদ্বোধনী অনুষ্ঠানঃ**

- কেন্দ্রীয় ও জেলা পর্যায়ে বিশ্ব দুগ্ধ দিবস ও দুগ্ধ সপ্তাহ-২০২১ উদ্বোধনী অনুষ্ঠানের অতিথি নির্বাচন ও আমন্ত্রণ জানানো।
- অতিথিদের তালিকা প্রস্তুত করা, নির্ধারিত নমুনা অনুযায়ী নিমন্ত্রণপত্র তৈরি, ছাপানো ও বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

**খ) বিশ্ব দুগ্ধ দিবস-এর কার্যক্রমঃ**

- র‍্যালি আয়োজন;
- দুগ্ধ দিবস অনুষ্ঠানে উপস্থিত শিক্ষার্থীদের মাঝে প্যাকেটজাত দুধ বিতরণ;
- বিশ্ব দুগ্ধ দিবসের আলোচনা সভা; এবং
- বিভিন্ন পর্যায়ের প্রতিযোগিতা আয়োজন- রচনা, চিত্রাঙ্কন ও কুইজ প্রতিযোগিতা।
    - ১) প্রতিযোগিতার শিরোনাম, তারিখ ও সময় নির্ধারণ;
    - ২) প্রতিযোগীদের বয়স/পর্যায় (গ্রুপ) নির্ধারণ ও প্রতিযোগিতা আহ্বানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
    - ৩) বিজয়ী নির্ধরণের জন্য বিচারক প্যানেল নির্বাচন;
    - ৪) বিজয়ী নির্বাচন এবং পুরষ্কারের ব্যবস্থা করা।

**গ) দুগ্ধ সপ্তাহ-এর কার্যক্রমঃ**

- বিশ্ব দুগ্ধ দিবস অর্থাৎ ১লা জুন ২০২১খ্রিঃ এর সাথে চলমান রেখে ০৫দিনে কমপক্ষে ০৫টি সুবিধা বঞ্চিত এলাকার নির্বাচিত প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানে নিরাপদ খাদ্য ও পুষ্টি বিষয়ক আলোচনা অনুষ্ঠান, শিক্ষার্থীগণের মাঝে টি-শার্ট বিতরণ ও দুধ পান করানো।

**ঘ) তারিখ ও এলাকাঃ**

- বিশ্ব দুগ্ধ দিবস-এর তারিখ ১লা জুন ২০২১খ্রিঃ এবং তদ্সঙ্গে দুগ্ধ সপ্তাহ উদযাপন করা হবে।
- প্রকল্পের আওতাধীন ৬১টি জেলায় (পার্বত্য জেলা সমূহ ব্যতিত) উদযাপন করা হবে।
- বিশ্ব দুগ্ধ দিবস অনুষ্ঠানের জন্য জেলা সদরে উপযুক্ত স্থান নির্বাচন করতে হবে, যেখানে অধিক জনসাধারনের চলাচল সুবিধা বিদ্যমান রয়েছে। বাস্তবায়ন কমিটি উপযুক্ত স্থান নির্বাচন করবেন।

ঙ) **প্রচার-প্রচারণা এবং উপস্থিতি :**

- বিশ্ব দুগ্ধ দিবস ও দুগ্ধ সপ্তাহ-২০২১ উদযাপন উপলক্ষে ব্যাপক প্রচার-প্রচারণার ব্যবস্থা করতে হবে। স্থানীয় পত্রিকা, পোস্টার, লিফলেট ও মাইক ইত্যাদির মাধ্যমে উৎপাদনকারী, পণ্য বাজারজাতকারী এবং ভোক্তাসাধারণকে অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য উৎসাহিত করতে হবে।
- জাতীয় পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- দুধ ও দুগ্ধজাত পণ্য উৎপাদনকারী এবং ভোক্তাশ্রেণীর (ছাত্র-ছাত্রী) উপস্থিতি নিশ্চিত করতে হবে।

চ) **প্রতিযোগিতা ও পুরস্কার প্রদানঃ**

- বিশ্ব দুগ্ধ দিবস ও দুগ্ধ সপ্তাহ- ২০২১ উদযাপন উপলক্ষ্যে স্থানীয় কমিটি রচনা রচনা, চিত্রাঙ্কন ও কুইজ প্রতিযোগিতা আয়োজনের জন্য ৩/৫ সদস্য বিশিষ্ট আয়োজক ও বিচারক কমিটি গঠন করবেন।
- রচনা, চিত্রাঙ্কন ও কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণকারী বিজয়ীদের মাঝে পুরষ্কার বিতরণ।
- প্রত্যেক ক্যাটাগরীতে ১ম, ২য় ও ৩য় পুরস্কার এবং সনদপত্র প্রদান করতে হবে। এছাড়াও ০১ টি বিশেষ পুরষ্কারের ব্যবস্থা করা যেতে পারে। স্থানীয় পর্যায়ের কমিটি পুরষ্কারের জন্য বিজয়ী নির্বাচন করবেন।
- প্রত্যেক ক্যাটাগরীতে ১ম, ২য় ও ৩য় পুরস্কার হিসাবে নির্দিষ্ট পরিমাণ টাকা চেকের মাধ্যমে প্রদান করতে হবে।

ছ) **বিশ্ব দুগ্ধ দিবস ও দুগ্ধ সপ্তাহ-২০২১ উদযাপন উপলক্ষে প্রয়োজনীয় আর্থিক সংস্থানঃ**

- প্রকল্পের আর্থিক সংস্থান অনুযায়ী প্রয়োজনীয় বাজেট বরাদ্দ জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বরাবরে প্রেরণ করা হবে।
- খাত অনুযায়ী ব্যয় নির্বাহ করতঃ প্রকল্প পরিচালক বরাবরে বিবরণী প্রেরণ করতে হবে।

জ) বিশ্ব দুগ্ধ দিবস ও দুগ্ধ সপ্তাহ-২০২১ উদযাপনের জন্য জেলাওয়ারী আর্থিক বিভাজন নিম্নরুপ ঃ

**Estimated Cost of Launching World Milk Day & Dairy Week (Taka in Lakh)**

| Sl. No. | Description of Items | Unit | Unit quantity | Unit cost (Tk.) | Total cost (Tk. In Lakh) |
|---|---|---|---|---|---|
| 1 | Banner (Tk. 1000/piece) | Nos. | 2 | 1300 | 0.03 |
| 2 | Pandal, Stage, Chair, Tripal, Fan, Sound System and Decoration | LS | - | - | 0.20 |
| 3 | Prizes for Essay Writing, Art, Quiz Competition for Students | Nos. | 15 | 750 | 0.11 |
| 4 | Honorarium for Chief Guest, Special Guest and Chair Person | Nos. | 3 | 2500 | 0.075 |
| 5 | Distribution of Flavored Milk (200ml) among the Students | Nos. | 1000 | 23 | 0.23 |
| 6 | Snacks for Guest | Nos. | 100 | 100 | 0.10 |
| 7 | Distribution of T-shirt for students & Guests | Nos | 1100 | 100 | 1.10 |
| 8 | Cultural Programme | No | 1 | 18000 | 0.18 |
| 9 | Transport for Organizing the Programme | LS | - | - | 0.03 |
| 10 | Miscellaneous | LS | - | - | 0.025 |
| | **Total Cost per District** | | | | **2.08** |

**ঝ) উদ্‌যাপন কমিটি গঠন ও কর্ম বন্টন:**

- বিশ্ব দুগ্ধ দিবস ও দুগ্ধ সপ্তাহ-২০২১ আয়োজনের লক্ষ্যে কেন্দ্রীয় এবং স্থানীয় পর্যায়ে কমিটি গঠন।

**কমিটি গঠনের প্রয়োজনীয়তা** ঃ বিশ্ব দুগ্ধ দিবস ও দুগ্ধ সপ্তাহ অনুষ্ঠানের সুষ্ঠু ব্যবস্থাপনা ও আয়োজনে বিভিন্ন দপ্তরের পরামর্শ/সহযোগিতার জন্য ডিপিপি'তে কোন কমিটি গঠনের সংস্থান নেই। তাই কেন্দ্রীয় বা স্থানীয় পর্যায়ে কমিটি গঠনের প্রয়োজন রয়েছে।

কর্ম পরিধি ঃ

- বিশ্ব দুগ্ধ দিবস ও দুগ্ধ সপ্তাহ অনুষ্ঠানের স্থান নির্বাচন।
- বিশ্ব দুগ্ধ দিবস ও দুগ্ধ সপ্তাহ আয়োজনের নিরাপত্তা নিশ্চিতকরণ।
- নির্দেশনা মোতাবেক অনুষ্ঠানের অতিথি নির্বাচন।
- বিশ্ব দুগ্ধ দিবস ও দুগ্ধ সপ্তাহ পালন উপলক্ষে বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের মধ্য থেকে পুরস্কার বিজয়ী নির্বাচন করা।
- বিশ্ব দুগ্ধ দিবস ও দুগ্ধ সপ্তাহ পালন কার্যক্রম সুষ্ঠু ব্যবস্থাপনার লক্ষ্যে নির্দেশনা মোতাবেক স্থানীয় পর্যায়ে সিদ্ধান্ত গ্রহণ।

- বিশ্ব দুগ্ধ দিবস ও দুগ্ধ সপ্তাহ পালন উপলক্ষ্যে ০৫দিনে কমপক্ষে সুবিধা বঞ্চিত এলাকার ০৫টি শিক্ষা প্রতিষ্ঠানে (উপজেলা পর্যায়ে) নিরাপদ খাদ্য ও পুষ্টি বিষয়ক আলোচনা অনুষ্ঠান, শিক্ষার্থীগণের মাঝে টি-শার্ট বিতরণ ও দুধ পানের জন্য শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন করা।

**ঞ) বিশ্ব দুগ্ধ দিবস ও দুগ্ধ সপ্তাহ-২০২১ উদযাপন-এর জন্য স্থানীয়/জেলা পর্যায়ে প্রস্তাবিত কমিটি:**

১. জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সংশ্লিষ্ট জেলা ---------------------------------------------------- সভাপতি

২. জেলা প্রশাসকের প্রতিনিধি, সংশ্লিষ্ট জেলা -------------------------------------------------- সদস্য

৩. পুলিশ সুপারের প্রতিনিধি, সংশ্লিষ্ট জেলা ---------------------------------------------------- সদস্য

৪. ট্রেনিং অফিসার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সংশ্লিষ্ট জেলা ----------------------------------------সদস্য

৫. জেলা মৎস্য কর্মকর্তা, সংশ্লিষ্ট জেলা -----------------------------------------------------------সদস্য

৬. জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, সংশ্লিষ্ট জেলা -------------------------------------------------সদস্য

৭. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সদর উপজেলা/অতিরিক্ত জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সংশ্লিষ্ট জেলা ---সদস্য সচিব

***কমিটি প্রয়োজনে অতিরিক্ত এক/দুইজন সদস্য কো-অপ্ট করতে পারবে।*

**ট) অতিথি নির্বাচন:** বিশ্ব দুগ্ধ দিবস ও দুগ্ধ সপ্তাহ-২০২১ উদযাপনের জন্য শুভ উদ্বোধন ও সমাপ্তি অনুষ্ঠানের ব্যবস্থা থাকতে হবে। উক্ত কমিটি স্থানীয় জনপ্রতিনিধি- মাননীয় মন্ত্রী, প্রতিমন্ত্রী, উপমন্ত্রী, জাতীয় সংসদ সদস্যগণকে প্রাধান্য দিয়ে অনুষ্ঠানের প্রধান অতিথি, বিশেষ অতিথি নির্বাচন করবে।

**ঠ) প্রতিবেদন প্রেরণ:** জনসাধারনের মাঝে প্রদর্শনীর প্রভাব (Impact) যাচাইয়ের লক্ষ্যে বিশ্ব দুগ্ধ দিবস ও দুগ্ধ সপ্তাহ উদযাপন কমিটি কমপক্ষে ১০(দশ) টি রঙ্গিন ছবিসহ একটি প্রতিবেদন প্রকল্প দপ্তরে প্রেরণ করবেন।

06/05/2021

**Md. Abdur Rahim**
Project Director (Joint Secretary)
Livestock and Dairy Development Project (LDDP)
Department of Livestock Services (DLS)

অনুমোদিত
ডাঃ শেখ আজিজুর রহমান
মহাপরিচালক (সাময়িক দায়িত্ব)
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা